



নিজদের আবিষ্কার করা ড্রোন যাতে শাহজাদালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ইনশেটে ড্রোনের পরীক্ষামূলক উড্ডয়ন

শাবিতে ড্রোনের পরীক্ষামূলক উড্ডয়ন

শাবি প্রতিনিধি

শাহজাদালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চালাকবিহীন বিমান 'ড্রোন' উড্ডয়নের উদ্যোগ নিয়েছে পনার্ধ বিজ্ঞান বিভাগের চার শিক্ষার্থী। প্রধান পদক্ষেপ হিসেবে গবেষণারত দলটি বুধবার বেলা ১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে পরীক্ষামূলকভাবে 'ড্রাইং বোর্ড' উড্ডয়ন করেছে। এটি ১ মিনিট ৩৭ সেকেন্ড আকাশে অবস্থান করে বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠের দক্ষিণ দিকে তৃতীয়বার চক্রের দোহার পনয় উপস্থিত হয়। এসময় ড্রোন উড্ডয়নে প্রাথমিকভাবে অর্থ প্রদানকারী ও তত্ত্বাবধায়ক বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ জামর ইকবাল ও পনার্ধ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ইল্লাসমিন হক উপস্থিত ছিলেন। প্রয়োজনীয় অর্থ ও ড্রোনের অন্য ব্যবহৃত যন্ত্রসমূহ পাওয়া গেলে আগামী ছয় মাসের মধ্যে কাজ সম্পূর্ণ করতে পারবেন বলে চিন পিচার মৈয়দ বেত্রওয়ানুল হক নাবিল জানান। টিনের অন্য সদস্যরা হলেন-- পনার্ধ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী রবি করব্বার, মাক্কাফ হোসেন ও মৈয়দ ওমর ফারুক। অধ্যাপক জামর ইকবাল বলেন, শিক্ষার্থীরা রূপে যা পেনে বাটরে পেনে তার কয়েকগুণ। ৫-৬ মাস আগে তাদের একটি দায়িত্ব দিয়েছি। এই অর্থ পনয়ে তারা একটি ড্রাইং বোর্ড তৈরি করেছে যাকে কিছুদিনের মধ্যে পূর্ণাঙ্গ ড্রোন হিসেবে তৈরি করা হবে। এটি ছিল আমার নিজস্ব অর্থায়নে একটি প্রকল্প। শিক্ষার্থীদের তৈরি এই ড্রোন আনন্দের অভ্যন্তরীণ ও সাময়িক নিরাপত্তাসহ নানা কাজে লাগবে। আমি দেখেছি ওগু আমাদের বিশ্ববিদ্যালয়ে নয় অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এরই মধ্যে ড্রোন তৈরি করেছে। আমি বিশ্বাস করি আনন্দের শিক্ষার্থীরা মেধাশীল ও অনেক ক্রিয়শীল। শিক্ষার্থীদের পক্ষে থেকে সহযোগিতার হাত বাড়ালে তারা অনেক দূর এগিয়ে যাবে।